নবী করীম ﷺ ইরশাদ করেছেন:" আমার উপর অধিক হারে দরূদে পাক পাঠ করো, নিঃসন্দেহে এটা তোমাদের জন্য পবিত্রতা।" (আবু ইয়ালা)

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى سَيِّدِ الْمُرْسَلِيْنَ
اَمَّا بَعْدُ فَاَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ط بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ط

# ফাতিহা ও ইছালে সাওয়াবের পদ্ধতি

শয়তান যতই বাধাঁ দিক না কেন, এই রিসালাটি সম্পূর্ণ পড়ে শেষ করে আপনার আখিরাতের সম্বল তৈরি করুন।

## মৃত আত্মীয়-স্বজনদেরকে স্বপ্নে দেখার উপায়

হযরত আল্লামা আবু আবদুল্লাহ্ মুহাম্মদ বিন আহমদ মালেকী কুরতুবী رَحْمَةُ اللهِ تَعَالٰى عَلَيْه বর্ণনা করেন: হযরত সায়্যিদুনা হাসান বসরী رَحْمَةُ اللهِ تَعَالٰى عَلَيْه এর খিদমতে হাজির হয়ে এক মহিলা আবেদন করল, আমার যুবতী মেয়ে মারা গেছে। এমন কোন আমল আছে কি না, যা করলে আমি তাকে স্বপ্নে দেখতে পাব? তিনি رَحْمَةُ اللهِ تَعَالٰى عَلَيْه মহিলাটিকে ঐ আমল বলে দিলেন। মহিলাটি তার মরহুমা কন্যাটিকে স্বপ্নে তো দেখলেন, কিন্তু এমন অবস্থায় দেখলেন যে, তার শরীরে আলকাতরার পোষাক ছিল। তার ঘাড়ে শিকল আর পায়ে লোহার বেড়ি ছিল। ভয়ানক এই দৃশ্য দেখে মহিলাটি কেঁপে উঠল! পরের দিন সে এসে হযরত সায়্যিদুনা হাসান বসরী رَحْمَةُ اللهِ تَعَالٰى عَلَيْه কে স্বপ্নের কথা বললেন। স্বপ্নটি শুনে তিনি رَحْمَةُ اللهِ تَعَالٰى عَلَيْه অত্যন্ত চিন্তিত হয়ে গেলেন। কিছু দিন পর হযরত সায়্যিদুনা হাসান বসরী رَحْمَةُ اللهِ تَعَالٰى عَلَيْه এক মেয়েকে স্বপ্নে দেখলেন। মেয়েটি জান্নাতে একটি আসনে মাথায় তাজ পরে বসে আছে। তিনি رَحْمَةُ اللهِ تَعَالٰى عَلَيْه কে দেখে মেয়েটি বলল:

www.AmarIslam.com



**নবী করীম ﷺ ইরশাদ করেছেন:** "যে ব্যক্তি আমার উপর একবার দরূদ শরীফ পড়ে, **আল্লাহ্** তাআলা তার উপর দশটি রহমত নাযিল করেন।" (মুসলিম শরীফ)

আমি হলাম সেই মহিলাটিরই কন্যা, যিনি আপনাকে আমার অবস্থার কথা বলেছিলেন। তিনি رَحۡمَةُ اللهِ تَعَالٰی عَلَیۡهِ বললেন: মহিলাটির কথা মত কন্যা তো আজাবে লিপ্ত ছিল। তার এত বড় পরিবর্তন কীভাবে হল? মরহুমা মেয়েটি বলল: কবরস্থানের পাশ দিয়ে একটি লোক যাচ্ছিলেন। লোকটি **নবী করীম, রউফুর রহীম, রাহমাতুল্লীল আলামীন** صَلَّی اللهُ تَعَالٰی عَلَیۡهِ وَاٰلِهٖ وَسَلَّم এর উপর দরূদ শরীফ পাঠ করেছিলেন। তাঁর সেই দরূদ শরীফ পাঠের বরকতে **আল্লাহ্ তাআলা** ৫৬০ জন কবরবাসীর উপর থেকে আজাব উঠিয়ে নিয়েছেন।

(আত-তাযকিরাতু ফি আহওয়ালিল মাওতা ওয়া উমুবিল আখিরাতি, ১ম খন্ড, ৭৪ পৃষ্ঠা)

তাঁর উপর **আল্লাহ্ তাআলা**র রহমত বর্ষিত হোক। তাঁর সদকায় আমাদের গুনাহসমূহ ক্ষমা হোক। اٰمِین بِجَاہِ النَّبِیِّ الۡاَمِین صَلَّی اللهُ تَعَالٰی عَلَیۡهِ وَاٰلِهٖ وَسَلَّم

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب ! صَلَّی اللهُ تَعَالٰی عَلٰی مُحَمَّد

**প্রিয় ইসলামী ভাইয়েরা!** এ ঘটনা থেকে জানা গেল, আগেকার দিনের মুসলমানদের মাঝে বুজর্গানে দ্বীনদের رَحِمَهُمُ اللهُ الۡمُبِیۡن প্রতি অত্যন্ত আন্তরিকতা ছিল। তাঁদের বরকতে লোকজনের সমস্যাগুলোরও সমাধান হয়ে যেত। এটাও জানা গেল যে, মৃতদেরকে স্বপ্নে দেখার ইচ্ছা পোষণ করাও এক ধরনের কঠিন পরীক্ষা। কেননা, মৃত ব্যক্তিকে স্বপ্নে আযাবে দেখে নেওয়ার মাধ্যমে দুশ্চিন্তার মুখোমুখিও হতে হয়। এই ঘটনাটি থেকে ইছালে সাওয়াবের এক জবরদস্ত বরকতও জানা গেল। এও বুঝা গেল যে, কেবল মাত্র এক বার দরূদ শরীফ পাঠ করেও ইছালে সাওয়াব করা যেতে পারে। **আল্লাহ্ তাআলা**র অসীম রহমতের কথাই বা কী বলব! তিনি যদি কেবল এক বার দরূদ শরীফ পাঠ করাও কবুল করে নেন, কেবল এক বার পড়া দরূদের ইছালে সাওয়াবের বরকতে সম্পূর্ণ কবরস্থানবাসীদের উপর থেকে চলমান আজাবও উঠিয়ে নিয়ে থাকেন এবং সকলকে বিভিন্ন ধরনের পুরস্কার দিয়ে ধন্য করে দেন।



www.AmarIslam.com

www.AmarIslam.com



# ফাতিহা ও ইছালে সাওয়াবের পদ্ধতি

**নবী করীম ﷺ ইরশাদ করেছেন:** "যে ব্যক্তি আমার উপর প্রতিদিন সকালে দশবার ও সন্ধ্যায় দশবার দরূদ শরীফ পাঠ করে, তার জন্য কিয়ামতের দিন আমার সুপারিশ নসীব হবে।" (মাজমাউয যাওয়ায়েদ)

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| মৃত আত্মীয়-স্বজনদেরকে স্বপ্নে দেখার উপায় | ২ | নূরানী পোশাক | ১০ |
| মকবুল হজ্বের সাওয়াব | ৪ | নূরানী তশতরী (বড় থালা) | ১০ |
| দশটি হজ্বের সাওয়াব | ৪ | মৃত লোকদের সমান সংখ্যক প্রতিদান | ১০ |
| মাতা-পিতার পক্ষ থেকে দান-খয়রাত | ৫ | কবরবাসী সবাইকে সুপারিশকারী বানানোর আমল | ১১ |
| রুজি-রোজগারে বরকত না হওয়ার করণ | ৫ | | |
| জুমার দিন কবর জেয়ারতের ফযীলত | ৫ | সূরা ইখলাসের ইছালে সাওয়াবের কাহিনী | ১১ |
| কাফন ছিঁড়ে গেছে! | ৬ | উম্মে সাআদ رَضِیَ اللہُ تَعَالٰی عَنۡہَا এর জন্য কূপ | ১২ |
| ইছালে সাওয়াবের ৩টি ঈমান তাজাকারী মর্যাদা | ৭ | গাউছে পাকের ছাগল বলা কেমন? | ১২ |
| | | ইছালে সাওয়াবের ১৯টি মাদানী ফুল | ১৩ |
| দোআর ফযীলত | ৭ | ইছালে সাওয়াবের পদ্ধতি | ১৮ |
| ইছালে সাওয়াবের জন্য অপেক্ষা | ৭ | ইছালে সাওয়াবের প্রচলিত নিয়ম | ১৯ |
| মৃত ব্যক্তির রূহগুলো ঘরে ঘরে এসে ইছালে সাওয়াবের আকাঙ্খা করতে থাকে | ৮ | আ'লা হযরত رَحۡمَۃُ اللہِ تَعَالٰی عَلَیۡہِ এর ফাতিহার পদ্ধতি | ২৩ |
| সকলের জন্য মাগফিরাতের দোআ করার ফযীলত | ৮ | ইছালে সাওয়াবের দোআ করার পদ্ধতি | ২৪ |
| | | খাওয়ার দাওয়াতে বিশেষ সাবধানতা | ২৫ |
| লক্ষ-কোটি নেকী অর্জনের সহজ পন্থা মিলে গেল! | ৯ | মাজারে হাজিরী দেওয়ার পদ্ধতি | ২৬ |
| | | সূচিপত্র ও তথ্যসূত্র | ২৭ |


## তথ্যসূত্র


| কিতাব | প্রকাশনা | কিতাব | প্রকাশনা |
|---|---|---|---|
| কুরআন মজিদ | মাকতাবাতুল মদীনা বাবুল মদীনা করাচী | আল কামিল | দারুল কিতাবুর ইলমিয়্যা, বৈরুত |
| আবু দাউদ | দারু ইহ্ইয়াউত্ তুরাসি আল আরবী, বৈরুত | আত তাজকিরা | দারুস সালাম, মিশর |
| দারু কুত্নি | মদীনাতুল আউলিয়া মুলতান শরীফ | শরহুছ ছুদুর | মারকাযে আহ্লে সুন্নাত বারাকাত রেযা হিন্দ |
| মু'জামুল আউসাত | দারুল কিতাবুর ইলমিয়্যা, বৈরুত | আহ্সানুল ভিআ | মাকতাবাতুল মদীনা বাবুল মদীনা করাচী |
| শুআবুল ঈমান | দারুল কিতাবুর ইলমিয়্যা, বৈরুত | ফতোয়ায়ে রযবীয়া | রযা ফউন্ডেশন মারকাযুল আউলিয়া লাহোর |
| নাওয়াদিরুল উসুল | মাকতাবাতুল ইমাম বুখারী | বহারে শরীয়াত | মাকতাবাতুল মদীনা বাবুল মদীনা করাচী |
| মুসনাদুশ্ শামিয়ীন | মুয়াস্সাতুর রিসালা, বৈরুত | হাদায়িকে বখশিশ | মাকতাবাতুল মদীনা বাবুল মদীনা করাচী |
| জামউল জাওয়ামি | দারুল কিতাবুর ইলমিয়্যা, বৈরুত | ওয়াসায়িলে বখশিশ | মাকতাবাতুল মদীনা বাবুল মদীনা করাচী |




www.AmarIslam.com

